

ফাতওয়া নম্বার: ৪৭০

প্রকাশকাল: ১৩-০৬-২০২৪ ইং

## ঈদের দিন কুরবানীর গোশত দিয়ে আহার শুরু করা কি সুন্নত?

**প্রশ্ন:** আমাদের সমাজে প্রচলিত আছে, কুরবানীদাতা ঈদের দিন কুরবানী না দেওয়া পর্যন্ত কিছু খাবে না। কুরবানী দেওয়ার পর কুরবানীর গোশত দিয়ে আহার শুরু করবে। জানার বিষয় হলো, এ কাজটি কি সুন্নত? রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি এমন করতেন?

-আরিফ রহমান

**উত্তর:** ১০ই যিলহজ্জ সকাল থেকে কিছু না খেয়ে কুরবানীর গোশত দিয়ে প্রথম খাবার শুরু করা সুন্নত। -ফাতহুল কাদীর: ২/৭৯ (দারুল ফিকর বৈরুত); হিন্দিয়া: ১/১৫০ (দারুল ফিকর); রদ্দুল মুহতার: ২/১৭৬ (দারুল ফিকর)

হাদীস শরীফে এসেছে,

عن بريدة قال: كان رسول الله صلى الله عليه وسلم: لا يغدو يوم الفطر حتى يأكل، ولا يأكل يوم الأضحى حتى يرجع فيأكل من أضحيته. -رواه أحمد  
رقم: ৪৪/৩৮; ২২৭৯৫ ط. الرسالة والدارقطني (২/৩৮) رقم: ১৭১৫ ط.

الرسالة) وصححه ابن القطان في “بيان الوهم والإيهام” (٣٥٦/٥ ط. دار

طبية، الرياض)

বুরাইদাহ রাযিয়াল্লাহু আনহু বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঈদুল ফিতরের দিন না খেয়ে বের হতেন না, আর ঈদুল আযহার দিনে সালাতের পূর্বে কিছু খেতেন না, সালাত থেকে ফিরে এসে কুরবানীর গোশত খেতেন।” -মুসনাদে আহমদ: ৩৮/৮৮ হাদীস: ২২৯৮৪ (আর-রিসালাহ) সুনানে দারাকুতনী: ২/৩৮০ হাদীস: ১৭১৫ ইবনুল কাত্তান রহিমাঃল্লাহ (৬২৮ হি.) হাদীসটিকে সহীহ বলেছেন। (বয়ানুল ওয়াহমি ওয়াল ইয়াহাম: ৫/৩৫৬ দারু তাইয়িবাহ, রিয়াদ)

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

০৩-১২-১৪৪৫ হি.

১০-০৬-২০২৪ ঈ.

